স্বাস্থ্য সেবা বিভাগের আওতায় ২০১৯-২০ অর্থ বছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর মন্ত্রণালয়/বিভাগভিত্তিক সার-সংক্ষেপ

ক্রঃ নং	মন্ত্রণালয়ের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরি প্রকল্পের সংখ্যা	জেডিসি এফভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন - সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন - সর্বোচ্চ
১।	স্বাস্থ্য সেবা বিভাগ	০১	০১	-	-	-	০১	- - ৫০%	-	-

১। সমাপ্ত প্রকল্পের সংখ্যাঃ ১টি

২। সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণঃ

প্রকল্পের ব্যয় বৃদ্ধির কারণ:

(ক) অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের বাস্তবায়ন কাজ শুরু করা হয় না। ফলে প্রকল্পের মেয়াদ বৃদ্ধির ফলে ব্যয়ও বৃদ্ধি পায়;
(খ) বৈদেশিক যাহায্যপুষ্ট প্রকল্পের ক্ষেত্রে ম্যাচিং ফান্ডের অভাব;
(গ) অনুমোদিত ডিপিপি'র কর্মপরিকল্পনা অনুযায়ী ক্রয় কার্যক্রম করতে না পারায় দ্রব্যমূল্যের বাজার দর বৃদ্ধি;
(ঘ) প্রকল্পের ডিপিপি প্রণয়নকালে প্রকল্পটির বাস্তবায়ন পর্যায়ে বিভিন্ন ঝুকি নির্ধারণ না করা;
(ঙ)প্রকল্প গ্রহণের সময় সুদূরপ্রসারী পরিকল্পনা না করে এবং ভবিষ্যতের প্রেক্ষাপট বিবেচনা না করে ডিপিপি প্রণয়ন করা হয় ফলে পরবর্তীতে কাজের পরিধি বেড়ে যায়, ফলশ্রুতিতে ব্যয় বৃদ্ধি পায়;
(চ) বার বার মেয়াদ বৃদ্ধির ফলে স্থানীয় ও আন্তর্জাতিক বাজারে দ্রব্যমূল্য দাম বেড়ে যায় এবং কোন কোন ক্ষেত্রে দরপত্রের রেট শিডিউল পরিবর্তন হয়ে যায়, ফলে প্রকল্প ব্যয় বেড়ে যায়;
(ছ) জটিল ও ব্যতিক্রমধর্মী কাজের ক্ষেত্রে অনেক সময় টার্ণ কী ঠিকাদারের উপর অতিমাত্রায় নির্ভরশীলতা বেড়ে যায় এবং চুক্তি স্বাক্ষরের সময় সকল শর্তাবলী সাবধানতার সাথে বিবেচনা করা হয়না বিধায় টার্ণ কী ঠিকাদার বিভিন্ন সময় বাড়তি বিল দাবী করার সুযোগ পায়।

প্রকল্পের মেয়াদ বৃদ্ধির কারণ:

(ক) অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের বাস্তবায়ন কাজ শুরু করা হয় না। ফলে প্রকল্পের মেয়াদ বৃদ্ধির ফলে ব্যয়ও বৃদ্ধি পায়;
(খ) বৈদেশিক যাহায্যপুষ্ট প্রকল্পের ক্ষেত্রে ম্যাচিং ফান্ডের অভাব;
(গ) অনুমোদিত ডিপিপি'র কর্মপরিকল্পনা অনুযায়ী ক্রয় কার্যক্রম করতে না পারায় দ্রব্যমূল্যের বাজার দর বৃদ্ধি;
(ঘ) প্রকল্পের ডিপিপি প্রণয়নকালে প্রকল্পটির বাস্তবায়ন পর্যায়ে বিভিন্ন ঝুকি নির্ধারণ না করা;
(ঙ) মূল ডিপিপি অনুমোদনের তারিখের পরেও টেন্ডার ডকুমেন্ট তৈরি,টেন্ডার আহবান, মূল্যায়ন ও কার্যাদেশ প্রদানে অনেক বিলম্ব হয়। ফলে মাঠ পর্যায়ে প্রকল্পের বাস্তবায়ন কাজ শুরু হতে বেশির ভাগ ক্ষেত্রে এক বছর থেকে দুই বছর বিলম্ব হয়ে যায়;
(চ) সাহায্যপুষ্ট প্রকল্পের ক্ষেত্রে ঋণ চুক্তি স্বাক্ষর ও কার্যকর করতে যথেষ্ট বিলম্ব হয়;
(ছ) সাহায্যপুষ্ট প্রকল্পের দরপত্র মূল্যায়নের সময় উন্নয়ন সহযোগী সংস্থার কনকারেন্স পেতে যথেষ্ট বিলম্ব হয়;
(জ) ভূমি অধিগ্রহণজনিত জটিলতার কারণে বেশির ভাগ প্রকল্পের যথেষ্ট সময়ক্ষেপণ হয়;
(ঝ) প্রকল্প দপ্তরের অদক্ষতার কারণে এবং দূরদর্শিতার অভাবে প্রকল্পের বাস্তবায়ন বিলম্ব হয়।

৩। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশঃ

সমস্যা	সুপারিশ
৩.১ অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের বাস্তবায়ন কাজ শুরু করা হয় না।	৩.১অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের বাস্তবায়ন কাজ শুরু করা প্রয়োজন;
৩.২ ডিপিপি'র কর্মপরিকল্পনা অনুযায়ী ক্রয় কার্যক্রম করতে না পারা;	৩.২কর্মপরিকল্পনা অনুযায়ী ক্রয় কার্যক্রম সম্পন্ন করা প্রয়োজন;
৩.৩ প্রকল্পের ব্যয় বৃদ্ধি ও বাস্তবায়নে অত্যাধিক বিলম্ব	৩.৩ প্রকল্প প্রণয়নের ক্ষেত্রে বাস্তবসম্মতভাবে ব্যয় ও সময় নির্ধারণ এবং বাস্তবায়ন পর্যায়ে তা অনুসরণ করা প্রয়োজন;
৩.৪ কাজের গুণগতমান সংক্রান্ত	৩.৪.১ কাজের গুণগতমান নিশ্চিত করতে ভবিষৎতে পিপিআর যথাযথভাবে অনুসরণপূর্বক দক্ষ জনবল এবং প্রয়োজনীয় যন্ত্রপাতি সমন্বিত ঠিকাদার নিয়োগ করা প্রয়োজন। ৩.৪.২ প্রকল্পের আওতায় সম্পাদিত কাজ বিশেষ করে নিম্নমানের পূর্ত কাজের জন্য তদারকির দায়িত্বে নিয়োজিত সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা অবশ্যক।
৩.৫ সাহায্যপুষ্ট প্রকল্প সংক্রান্ত	৩.৫ সাহায্যপুষ্ট প্রকল্পের ক্ষেত্রে উন্নয়ন সহযোগী দেশ/প্রতিষ্ঠান থেকে দ্রুত সঠিক সময়ে অর্থ প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সংস্থা ও মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।
৩.৬ প্রকল্পের যানবাহন সংক্রান্ত	৩.৬ বিদ্যমান সরকারি নিয়ম অনুযায়ী প্রকল্পের আওতায় সংগৃহীত যানবাহন সরকারি পরিবহন পুলে জমা দেয়ার ব্যবস্থা গ্রহণ করা আব্যশ্যক।
৩.৭ প্রকল্পের পরিচালক সংক্রান্ত	৩.৭.১ প্রকল্প সুষ্ঠ বাস্তবায়ন নিশ্চিতকল্পে ঘন ঘন প্রকল্প পরিচালক বদলি বা পরিবর্তন না করে বিদ্যমান নিয়ম অনুযায়ী প্রকল্প পরিচালক নিয়োগে সচেষ্ট থাকার প্রয়োজন আছে। ৩.৭.২ বিভিন্ন সংস্থার আওতায় বাস্তবায়নাধীন ও ভবিষৎতে প্রকল্পের জন্য সরকারী নির্দেশনা অনুযায়ী পূর্ণকালীন ও যোগ্য প্রকল্প পরিচালক নিয়োগের বিষয়টি উদ্যোদী বিভাগ হতে নিশ্চিত করা প্রয়োজন।
৩.৮ সম্ভাব্যতা সমীক্ষা	৩.৮ যথাযথভাবে মাঠ পর্যায়ে সমীক্ষা না করে অপরিকল্পিতভাবে প্রকল্প গ্রহণের কারণে কখনো প্রকল্প বাস্তবায়ন অনিশ্চিত হয়ে পড়ে। তাই প্রকল্প গ্রহণের পূর্বে উপযুক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানকে দিয়ে বাস্তবসম্মত সম্ভাব্যতা সমীক্ষা সম্পাদন করা প্রয়োজন।
৩.৯ ভূমি অধিগ্রহণে বিলম্ব	৩.৯ প্রকল্প অনুমোদনের শুরু থেকেই ভূমি অধিগ্রহণ প্রক্রিয়া শুরু করা বাঞ্চনীয়।
৩.১০ পিসিআর প্রেরণে বিলম্ব	৩.১০ প্রকল্প সমাপ্তি ঘোষণার পর পরই পিসিআর প্রণয়ন করে আইএমইডিতে প্রেরণ নিশ্চিত করা আবশ্যক।

শহীদ শেখ আবু নাসের বিশেষায়িত হাসপাতাল সম্প্রসারণ, খুলনা (১ম সংশোধিত) প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: ডিসেম্বর ২০১৯)

সর্বশেষ পরিদর্শন প্রতিপাদন	:	সর্বশেষ পরিদর্শন করা হয় ১৯-২১ সেপ্টেম্বর ২০১৭ তারিখে। পরিদর্শনের উল্লেখযোগ্য সুপারিশসমূহ: (১) স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক ১১.০৭.২০১৭ তারিখে ৪৫.১৯০.০১৪.০০.২৪.২০১১ (অংশ-২) নং স্মারকে গঠিত তদন্ত কমিটির সুপারিশের আলোকে গৃহীত ব্যবস্থা সম্পর্কে আইএমইডি-কে অবহিত করতে হবে। (২) প্রকল্পটির বাস্তবায়ন কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে এবং অবশিষ্ট কার্যক্রম অনুমোদিত সময়সীমার মধ্যে শেষ করার লক্ষ্যে প্রকল্পের সকল কার্যক্রম চিহ্নিত করে তা সম্পাদনের জন্য সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন করবে এবং প্রণীত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা বাস্তবায়নকারী সংস্থা, উদ্যোগী মন্ত্রণালয় ও আইএমইডি-তে প্রেরণ করবে; (৩) উদ্যোগী মন্ত্রণালয় প্রকল্পে অনুমোদিত পিআইসি ও পিএসসি'র সভা নিয়মিত আহবান করে উক্ত সভায় সময়াবদ্ধ কর্মপরিকল্পনার বাস্তবায়ন পর্যালোচনা করবে; (৪) প্রস্তাবিত সংশোধিত প্রকল্পটি অনুমোদনের পর তা অনুমোদিত মেয়াদকালে সমাপ্ত করার লক্ষ্যে বছরভিত্তিক প্রয়োজনীয় বরাদ্দ নিশ্চিত করবে। উল্লিখিত সুপারিশসমূহ বাস্তবায়ন করে আইএমইডি-কে অবহিত করার বিষয়টি উল্লেখ থাকলেও আইএমইডি'র নথি দৃষ্টে প্রতীয়মান হয়। এ বিষয়ে আইএমইডি'কে অবহিত করা হয়নি।

<u>প্রকল্পের সাধারণ তথ্য:</u>

১. প্রকল্পের নাম : শহীদ শেখ আবু নাসের বিশেষায়িত হাসপাতাল সম্প্রসারণ, খুলনা (১ম সংশোধিত)।
২. উদ্যোগী মন্ত্রণালয় : স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৩. বাস্তবায়নকারী সংস্থা : স্বাস্থ্য অধিদপ্তর
৪. প্রকল্প এলাকা : খুলনা

(লক্ষ টাকায়)

৫. প্রাক্কলিত ব্যয়	:	মোট	টাকা	প্রকল্প সাহায্য	হ্রাস/বৃদ্ধি
৫.১ মূল	:	৫৭৯২.১৮	৫৭৯২.১৮		
৫.২ ১ম সংশোধিত অনুমোদিত	:	৬২১৯.৯৩	৬২১৯.৯৩		
৬. বাস্তবায়নকাল	:	আরম্ভ		সমাপ্তি	
৬.১) মূল অনুমোদিত	:	০১ জুলাই/২০১২		৩০ জুন/২০১৪	
৬.২) ১ম সংশোধিত অনুমোদিত	:	০১ জুলাই/২০১২		৩১ ডিসেম্বর/২০১৮	
৬.৩) ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধিসহ	:	০১ জুলাই/২০১২		৩১ ডিসেম্বর/২০১৯	

৭. **উদ্দেশ্য:**

ক) বিশেষায়িত হাসপাতালের জন্য প্রতিশ্রুত পূর্ণ অবকাঠামো নির্মাণ করা।

খ) বিশেষ সেবা প্রদানের মাধ্যমে কার্যকর স্বাস্থ্য সেবার মূল্য নিশ্চিত করা।

গ) খুলনা জেলাসহ পার্শ্ববর্তী জেলার মানুষের জন্য আধুনিক চিকিৎসার সুযোগ সরবরাহ করা।

ঘ) আধুনিক চিকিৎসা সেবার মাধ্যমে গুণগত জীবন নিশ্চিত করা।

ঙ) মানুষের গড় আয়ু বৃদ্ধি করা।

চ) ডাক্তার এবং অন্যান্য মানুষের জন্য কর্মের সুযোগ সৃষ্টি করা।

৮. অনুমোদন পর্যায়:

৮.১ **মূল:** জুলাই ২০১২ থেকে জুন ২০১৪।

৮.২ **প্রথম সংশোধন:** জুলাই ২০১২ থেকে ডিসেম্বর ২০১৮।

৮.৩ **ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধিসহ বাস্তবায়নকাল:** জুলাই ২০১২ থেকে ডিসেম্বর ২০১৯।

৮.৪ **প্রকল্প সংশোধন ও কারণসমূহ: (প্রকল্প পরিচালকের দপ্তর হতে প্রাপ্ত তথ্য অনুযায়ী)**

ক) অধিগ্রহণকৃত জমি পাওয়ায় প্রায় ৬ মাস বিলম্ব।

খ) ডিপিপিতে সকল অঙ্গের কাজকে একটি প্যাকেজে দেখানো হয় যা পরবর্তীতে আলাদা আলাদা প্যাকেজে সংশোধন করতে হয়।

গ) সকল অঙ্গ/ভবনের স্থাপত্য ও কাঠামো নকশা একত্রে পাওয়া যায়নি।

৯. **প্রকল্পের অঙ্গভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতি (মন্ত্রণালয় হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে):**

(লক্ষ টাকায়)

ক্র: নং	অঙ্গের নাম	ডিপিপি অনুযায়ী প্রাক্কলন		৩১ ডিসেম্বর' ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি			
		বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
	Extension of Shahid Sheikh Abu Naser Specialized Hospital Khulna.						
	Hospital Building						
A.	**Revenue:**						
1.	3211120-Telephone	১০০%	১.০০	১০০%	১.০০	১০০%	১.০০
2.	3243102-Gas & Fuel	১০০%	৪.০০	১০০%	৪.০০	১০০%	৪.০০
3.	3243101-Patrol & lubricant	১০০%	৯.০০	১০০%	৯.০০	১০০%	৯.০০
4.	3255102-Printing & Publication	১০০%	৪.০০	১০০%	৪.০০	১০০%	৪.০০
5.	3258102-Stationary, Shells Stamp	১০০%	৮.০০	১০০%	৮.০০	১০০%	৮.০০
6.	3211127-Book & Periodical	১০০%	১০.০০	১০০%	১০.০০	১০০%	১০.০০
7.	3211107-Hiring Charge	১০০%	১২.৫০	১০০%	১২.৫০	১০০%	১২.৫০
8.	3256101-Others Expenses	১০০%	২০.০০	১০০%	২০.০০	১০০%	২০.০০
9.	3258102-Furniture	১০০%	৬.০০	১০০%	৬.০০	১০০%	৬.০০
10.	3254103-Computer & Office Equipment	১০০%	৬.০০	১০০%	৬.০০	১০০%	৬.০০
11.	3258107-Non-residential Buildings	১০০%	৬.০০	১০০%	৬.০০	১০০%	৬.০০
	Sub-total (Revenue)	-	৮৬.৫০	-	৮৬.৫০	-	৮৬.৫০
B	**Capital:**						
	a) Tower Block	১০০%	১০৯৪.০৫	১০০%	৮৯৬.৩৬	১০০%	৮৯৬.৩৬

ক্র: নং	অঙ্গের নাম	ডিপিপি অনুযায়ী প্রাক্কলন		৩১ ডিসেম্বর' ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি			
		বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
	b) Accident & Emergency Block	১০০%	১৮১.৬৫	১০০%	১৭৬.১৮	১০০%	১৭৬.১৮
	c) Service Block	১০০%	৫১২.৪৮	১০০%	৫১২.০৪	১০০%	৫১২.০৪
	d) Open Heart Surgery Unit	১০০%	৩৭.৯৬	১০০%	২৭.৯৬	১০০%	২৭.৯৬
	e) Burn Unit	১০০%	৪১.৪৮	১০০%	৪১.৪৭	১০০%	৪১.৪৭
2	Tower Block:					১০০%	৫৩.০৯
	a)1800 kg capacity 4 nos 5-stop lift	১০০%	৫৫	১০০%	৫৩.০৯	১০০%	২২.৪২
	b)A/c &E.I Work for Vip cabin room	১০০%	২২.৯৯	১০০%	২২.৪২	১০০%	২২.৪৭
	c) A/c for cabin of 3rd floor &4 floor	১০০%	২২.৫৪	১০০%	২২.৪৭	১০০%	১৪.৫৬
	d) pabx system	১০০%	১৫.০০	১০০%	১৪.৫৬	১০০%	২৯.২০
	e) A/c for dead body processing room	১০০%	৩০.০০	১০০%	২৯.২০	১০০%	৪৬৬.৬২
	f)Medical gas pipe line system& psa plant for tower &o't block.c.cu, cabin & dialysis area	১০০%	৪৭১.৪৬	১০০%	৪৬৬.৬২	১০০%	১৪.৫৭
	g) A/c for medical store & dehumidifiers exhauster etc	১০০%	১৬.৮৮	১০০%	১৪.৫৭	১০০%	১৪.৫৭
3.	**Service block**						
	A) A/c for medical store	১০০%	১৫.০০	১০০%	১৪.৫৭	১০০%	১৪.৫৭
4	Accident & emergency Block:	১০০%		১০০%		১০০%	
	a) A/c for ot room	১০০%	৩৩.৪৯	১০০%	৩৩.৪৪	১০০%	৩৩.৪৪
	b) Fire extinguisher & i.a system	১০০%	৭.০০	১০০%	-----	১০০%	-----
	c. 800kva Substation equipment for o.t	১০০%	৮১.৪৩	১০০%	৭৯.৯০	১০০%	৭৯.৯০
	d) 300 kava Generator for O.T	১০০%	৭৫.০০	১০০%	৭৪.৯২	১০০%	৭৪.৯২
B	**Residial Area:**						
	Doctor's Dormitory	১০০%	৩৬২.৫৯	১০০%	৩৫২.৫৬	১০০%	৩৫২.৫৬
	nurse Dormitory	১০০%	৩০০.০০	১০০%	২৯৯.৫৫	১০০%	২৯৯.৫৫
	follow up patient Visitors /attendant Dormitory (l no)	১০০%	১৪২.৯৬	১০০%	১৪২.০৩	১০০%	১৪২.০৩
	Garage cum driver shed cum ansar barrack	১০০%	২৪৮.৮২	১০০%	২৪৭.৪৩	১০০%	২৪৭.৪৩
	Director & deputy directors residence	১০০%	১১০.০০	১০০%	১০৯.৬২	১০০%	১০৯.৬২
	deputy directors residence	১০০%	১১০.০০	১০০%	১০৯.৭৬	১০০%	১০৯.৭৬
	1800sft quarter(3 unit)Chief Consultant/ professor)	১০০%	২৪৫.০০	১০০%	২৪৩.১২	১০০%	২৪৩.১২
	1500 sft Quarter (3 unit)Senior consultant/doctors/ Associte professor	১০০%	২৩০.০০	১০০%	২২১.৩০	১০০%	২২১.৩০
	1250sit quarters(5 unit) doctors/Asst . professor	১০০%	২৭০.১৯	১০০%	২৬২.৩৭	১০০%	২৬২.৩৭
	1000 sit quarter (5 unit) (mo/ officers Quarter)	১০০%	১৯৬.১৫	১০০%	১৭৯.৩০	১০০%	১৭৯.৩০
	800 sit quarter (5 unit) (Staff	১০০%	১৮০.২১	১০০%	১২২.৯৭	১০০%	১২২.৯৭

	Quarter)						
	600 sit quarter (5unit) (Staff Quarter)	১০০%	১৩০.০০	১০০%	১২৮.১০	১০০%	১২৮.১০
	Mosque	১০০%	১৯২.৫৬	১০০%	১৮৯.৯৫	১০০%	১৮৯.৯৫
C	**Ancillary other structures**	১০০%		১০০%		১০০%	
	Generation room, pump house Sub station room & dead house	১০০%	৪৩.৮৫	১০০%	৪৩.৭৭	১০০%	৪৩.৭৭

ক্রমিক নং	অঙ্গের নাম	ডিপিপি অনুযায়ী প্রাক্কলন		৩১ ডিসেম্বর ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি			
		বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
	Deep tube well (6"dia)	১০০%	৩০.০০	১০০%	১২.৪৫	১০০%	১২.৪৫
	Plant room, pump house, Sub-station room & dead house	১০০%	৫৭.০০	১০০%	৫৫.৭২	১০০%	৫৫.৭২
	Burning house (Incinerator)	১০০%	২৫.০০	১০০%	২৪.৪৮	১০০%	২৪.৪৮
	Guard house (3 Nos.)	১০০%	৫০.০০	১০০%	৪৩.৫৩	১০০%	৪৩.৫৩
	Helipad (including Connecting road)	১০০%	৩০.০০	১০০%	১৯.০৭	১০০%	১৯.০৭
	Master drain	১০০%	৬৫.০০	১০০%	৫৫.৭৯	১০০%	৫৫.৭৯
D	**External E.I works for Residential Zone**	১০০%		১০০%		১০০%	
	Over head distribution	১০০%	৩৫.০০	১০০%	৩৪.৯৯	১০০%	৩৪.৯৯
	Submersible water pump motor set	১০০%	১০.০০	১০০%	০৯.৩০	১০০%	০৯.৩০
E	Internal road	১০০%	১৯৪.৬৯	১০০%	১৩৪.০০	১০০%	১৩৪.০০
F	Site Improvement	১০০%	৬০.০০	১০০%	৫৮.০০	১০০%	৫৮.০০
G	Boundary wall	১০০%	৯০.০০	১০০%	৮৩.০০	১০০%	৮৩.০০
H	Land Scaling & Arboriculture	১০০%	১০.০০	১০০%	--	১০০%	--
	Sub-total (Capital)	**-**	**৬১৩২.৪৩**	**---**	**৫৬৬৫.০০**	**---**	**৪৬৬৫.০০**
	In total (Revenue Capital)	**-**	**৬২১৮.৯৩**	**---**	**৫৭৫১.৫০**	**---**	**৫৭৫১.৫০**

১০. উপরিউল্লিখিত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনায় দেখা যায় যে, সংশোধিত ডিপিপি'র মোট সংস্থানের তুলনায় ব্যয় ৪৬৭.৪৬ লক্ষ টাকা কম হয়েছে।

১১. বছরভিত্তিক কর্মপরিকল্পনা অনুযায়ী অগ্রগতি বিশ্লেষণ (কাঙ্খিত অগ্রগতি না হলে প্রকল্প পরিচালকের ব্যাখ্যা):

অর্থবছর	পরিকল্পিত লক্ষ্যমাত্রা মূল ডিপিপি অনুযায়ী	অগ্রগতি	ব্যয়	মন্তব্য
২০১২-১৩	৫০০.০০	৫০০.০০	৫০০.০০	
২০১৩-১৪	৮০০.০০	৮০০.০০	৮০০.০০	
২০১৪-১৫	১৪৯৭.০২	১৪৯৭.০২	১৪৯৭.০২	
২০১৫-১৬	৯৯৫.০০	৯৯৫.০০	৯৯৫.০০	
২০১৬-১৭	৭২৩.২০	৩৮৫.০০	৩৮৫.০০	
২০১৭-১৮	৫২৩.২০	৫২৩.২০	৫২৩.২০	
২০১৮-১৯	৬৪৮.৫০	৬৪৮.৫০	৬৪৮.৫০	
২০১৯-২০	৫৩২.০০	৪০২.৭৮	৪০২.৭৮	
মোট:	৬২১৮.৯৩	৫৭১৫.৫০	৫৭৫১.৫০	

প্রকল্প পরিচালকের ব্যাখ্যা:

ক) অধিগ্রহণকৃত জমি পাওয়ার প্রায় ৬ মাস বিলম্ব।
খ) ডিপিপিতে সকল অঙ্গের কাজকে একটি প্যাকেজে দেখানো হয় যা পরবর্তীতে আলাদা আলাদা প্যাকেজে সংশোধন করতে হয়।
গ) সকল অঙ্গ/ভবনের স্থাপত্য ও কাঠামো নকশা একত্রে পাওয়া যায়নি।

১২. প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্য:

প্রকল্প পরিচালকের নাম	মূল দপ্তর ও পদবী	দায়িত্বকাল	দায়িত্বের ধরন (নিয়মিত/অতিরিক্ত)
প্রফেসর ডা: মনি মোহন সাহা	প্রফেসর অব প্যাথলজি এবং প্রকল্প পরিচালক এক্সটেশন অব শহীদ শেখ আবুনাসের বিশেষায়িত হাসপাতাল, খুলনা। গ্রেড-৩য় (৫৬০০-৭৪৪০০)	৩০-০৭-২০১২ হতে ৩০-০৯-২০১৪	প্রকল্প পরিচালক (অঃ দাঃ)
ডাঃ শেখ মোঃ মনোয়ার হোসেন	এ্যাসোসিয়েট প্রফেসর অব প্যাথলজি এবং প্রকল্প পরিচালক এক্সটেশন অব শহীদ শেখ আবুনাসের বিশেষায়িত হাসপাতাল, খুলনা। গ্রেড-৪র্থ (৫০০০০-৭১২০০)	১১-১১-২০১৪ হতে ৩০-০৯-২০১৫	প্রকল্প পরিচালক (অঃ দাঃ)
প্রফেসর ডাঃ পরিতোষ কুমার চৌধুরী	প্রফেসর রিসপিরেটরি মেডিসিন এবং প্রকল্প পরিচালক এক্সটেশন অব শহীদ শেখ আবুনাসের বিশেষায়িত হাসপাতাল, খুলনা। গ্রেড-৩য় (৫৬৫০০-৭৪৪০০)	১২-০৫-২০১৬ হতে ১২-১১-২০১৮	প্রকল্প পরিচালক (অঃ দাঃ)
ডাঃ প্রভাষ চন্দ্র সরদার	প্রকল্প পরিচালক এক্সটেশন অব শহীদ শেখ আবুনাসের বিশেষায়িত হাসপাতাল, খুলনা। গ্রেড-৫ম (৪৩০০০-৬৯৮৫০)	১৫-০৪-২০১৯ হতে ২৪-০৮-২০১৯	প্রকল্প পরিচালক
ডাঃ এস.এম. কামরুল হক	সিনিয়র কনকালটেন্ট কার্ডওলজি এবং প্রকল্প পরিচালক এক্সটেশন অব শহীদ শেখ আবুনাসের বিশেষায়িত হাসপাতাল, খুলনা। গ্রেড-৫ম (৪৩০০০-৬৯৮৫০)	২৫-০৮-২০১৯ হতে ৩১-১২-২০১৯	প্রকল্প পরিচালক (অঃ দাঃ)

১৩. (ক) প্রকল্পের আওতায় সম্পাদিত প্রধান প্রধান ভৌত কাজ:

I. (১৮০০ বর্গফুট ভবনে বেডরুম ৩টি, ডাইনিং ১টি, ড্রয়িং রুম ১টি এবং ৪টি বাথরুম বিশিষ্ট মোট ৩টি ফ্লাট নির্মাণ।
১৫০০ বর্গফুট ভবনে বেডরুম ৩টি, ডাইনিং ১টি, ড্রয়িং রুম ১টি এবং ৪টি বাথরুম বিশিষ্ট মোট ৩টি ফ্লাট নির্মাণ।
১২৫০ বর্গফুট ভবনে বেডরুম ৩টি, ডাইনিং ১টি, ড্রয়িং রুম ১টি এবং ৩টি বাথরুম বিশিষ্ট মোট ৫টি ফ্লাট নির্মাণ।
১০০০ বর্গফুট ভবনে বেডরুম ৩টি, ডাইনিং ১টি, ড্রয়িং রুম ১টি এবং ৩টি বাথরুম বিশিষ্ট মোট ৫টি ফ্লাট নির্মাণ।

II. ১১৫০ বর্গফুটের ৪টি বেডরুম, ১টি ডাইনিং রুম, ১টি ড্রয়িং রুম এবং ৪টি বাথরুম বিশিষ্ট দ্বিতল ডিরেক্টর বাসভবন নির্মাণ এবং ১১৫০ বর্গফুটের ৪টি বেডরুম, ১টি ডাইনিং রুম, ১টি ড্রয়িং রুম এবং ৪টি বাথ রুম বিশিষ্ট দ্বিতল ডেপুটি ডিরেক্টর বাসভবন।

III. ২৩৪৫ বর্গফুটের ডক্টরস ডরমিটরি এর প্রতি ফ্লোরে ৫টি বেড রুম, ৫টি কিচেন, ৫টি বাথ রুম বিশিষ্ট ৫ তলা ভবনে মোট ২৫টি ফ্লাট এবং ৮০০ বর্গফুট ভবনে বেড রুম ২টি, ডাইনিং কাম ড্রয়িং রুম ১টি এবং ২টি বাথরুম বিশিষ্ট মোট ৫টি ফ্লাট নির্মাণ।

IV. ৬০০ বর্গফুট ভবনে বেডরুম ২টি, ডাইনিং কাম ড্রয়িং রুম ১টি এবং ২টি বাথরুম বিশিষ্ট মোট ৫টি ফ্লাট নির্মাণ। ২২৩২ বর্গ ফুটের নারসেস ডরমিটরি এর প্রতিফ্লোরে ৫টি বেড রুম, ২টি কিচেন, ২টি বাথ রুম বিশিষ্ট ৫ তলা ভবনে মোট ২৫টি ফ্লাট নির্মাণ।

V. ১৩১২ বর্গফুটের এটেন্ডেন্স ডরমিটরি নির্মাণ। এর ১ম ফ্লোরে ১টি বেড রুম, ১টি কিচেন এবং ডাইনিং, ১টি বাথরুম, ২য় ফ্লোরে ৩টি বেড রুম, ৩টি বাথরুম; ৩য় ফ্লোরে ৪টি বেড রুম, ৪টি বাথ রুম রয়েছে।

VI. ৩৭৮০ বর্গফুট এর গ্যারেজ কাম আনসার ব্যারাক নির্মাণ। এর ৩ তলা বিশিষ্ট ভবনের ১ম তলায় গ্যারেজ, ২য় তলায় ৩টি রুম এবং ৩টি কমন বাথরুম এবং ৩য় তলায় ৩টি রুম এবং ৩টি ক মন বাথরুম রয়েছে।

VII. ১০০০ বর্গফুট এর ৩টি রুম ও বাথরুমসহ একটি ডেড হাউজ এবং ২২৩০ বর্গফুট এর একটা মসজিদ নির্মাণ।

VIII. ৫০০ বর্গফুট এর একটা সাবস্টেশন, জেনারেটর ও পাম্প রুম, ১৫০০ বর্গফুট এর একটা মেডিকেল গ্যাস রুম এবং ৩০০০ রানিং ফিটের হাসপাতাল ও আবাসিক এরিয়ার চার পাশে মাষ্টার ড্রেইন নির্মাণ।

IX. প্রকল্পের আওতায় শহীদ শেখ আবু নাসের বিশেষায়িত হাসপাতালের টাউয়ার ব্লকের ৪র্থ ফ্লোরে ২২টি কেবিন (ভিআইপি কেবিন ৬টি, সাধারণ কেবিন ১৬টি), ১৭টি ডক্টরস রুম এবং ১৬টি ন্যাফ্রলোজি, কিডনি এবং অন্যান্য বিভাগের ওয়ার্ড নির্মাণ করা হয়েছে। এছাড়া চারপাশে ১৬টি কমন টয়লেট এবং কেবিনের সাথে সংযুক্ত ২২টি ক মন টয়লেট এবং হাসপাতাল চত্তরে ৩০ ফিট ব্যাসার্থের একটা হেলিপ্যাড নির্মাণ করা হয়েছে।

(খ) **প্রকল্পের কাজ অসমাপ্ত থাকলে তার কারণ:** প্রকল্পের কোন কাজ অসমাপ্ত নেই।

১৪. **মূল্যায়ন পদ্ধতি প্রকল্পটির সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্ত বিষয়/পদ্ধতি বিবেচনা করা হয়েছে ;**

- প্রকল্পের ডিপিপি পর্যালেচনা;
- পরিদর্শন প্রতিবেদন;
- পিসিআর তথ্য পর্যালোচনা;
- কাজের বাস্তব অগ্রগতি যাচাই এবং সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন;
- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা;

১৫. **অডিট আপত্তি সংক্রান্ত :** সরেজমিনে পরিদর্শনকালে জানা যায় গণপূর্ত অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী খুলনা এবং কার্যালয় এর বিভিন্ন বছরভিত্তিক অডিট এর সাথে এ প্রকল্পের ব্যয় ও অডিট করা হয়েছে| এক্ষেত্রে উক্ত প্রকল্পের ব্যয় সংশ্লিষ্ট কোন আপত্তি উত্থাপিত হয়নি। এ প্রকল্পের নামে আলাদা কোন অডিট সম্পন্ন হয়েছে এরূপ তথ্য/ডকুমেন্ট প্রকল্প দপ্তর হতে পাওয়া যায়নি।

১৬. **প্রকল্পের উদ্দেশ্য অর্জন সংক্রান্ত:** ডিপিপিতে বর্ণিত উদ্দেশ্য অর্জনের বর্তমান অবস্থা ডিপিপিতে বর্ণিত উদ্দেশ্যসমূহ এ প্রকল্পের কার্যক্রমের সাথে সুনির্দিষ্টভাবে সামঞ্জস্যপূর্ণ নয়। এ প্রকল্পের অন্যতম কার্যক্রম হলো চিকিৎসক এবং স্বাস্থ্যকর্মীদের আবাসিক ভবন নির্মাণ করা অথচ এটির সাথে সামঞ্জস্যপূর্ণ কোন সুনির্দিষ্ট উদ্দেশ্য তুলে ধরা হয়নি। এছাড়া অন্যান্য উদ্দেশ্যও সুগঠিত নয়।

ক্রমিক নং	সুনির্দিষ্ট উদ্দেশ্য	উদ্দেশ্য অর্জন/ফলাফল (সুনির্দিষ্ট তথ্যভিত্তিক)	উদ্দেশ্য অর্জিত না হলে কারণ/মন্তব্য
১।	বিশেষায়িত হাসপাতালের জন্য প্রতিশ্রুতপূর্ণ অবকাঠামো নির্মাণ	ডিপিপি'র সংস্থান অনুযায়ী অবকাঠামো তৈরি করা হয়েছে।	আবাসিক অবকাঠামোগত চিকিৎসকগণ বসবাস না করায়

ক্রমিক নং	সুনির্দিষ্ট উদ্দেশ্য	উদ্দেশ্য অর্জন/ফলাফল (সুনির্দিষ্ট তথ্যভিত্তিক)	উদ্দেশ্য অর্জিত না হলে কারণ/মন্তব্য
	করা।		উদ্দেশ্য অর্জনের সুফল পাওয়া যাচ্ছে না।
২।	বিশেষ সেবা প্রদানের মাধ্যমে কার্যকর স্বাস্থ্য সেবার মূল্য নিশ্চিত করা।	অবকাঠামোগত উন্নয়নের মাধ্যমে স্বাস্থ্য সেবা প্রদানের ক্ষেত্রে প্রসারিত হয়েছে।	
৩।	খুলনা জেলাসহ পার্শ্ববর্তী জেলার মানুষের জন্য আধুনিক চিকিৎসার সুযোগ সরবরাহ করা।	খুলনা জেলাসহ পার্শ্ববর্তী জেলাসমূহের জন্য আধুনিক চিকিৎসার সুযোগ তৈরি হয়েছে।	
৪।	আধুনিক চিকিৎসা সেবার মাধ্যমে মানুষের গুণগত জীবন নিশ্চিত করা।	আধুনিক চিকিৎসার লক্ষ্যে অবকাঠামো তৈরি হয়েছে এবং তা ব্যবহারও হচ্ছে।	
৫।	মানুষের গড় আয়ু বৃদ্বি করা।	উদ্দেশটি সরাসরিভাবে এ প্রকল্পের সাথে সম্পর্কযুক্ত নয়, তবে চিকিৎসা সেবায় ক্ষেত্র প্রসারিত হওয়ায় গড় আয়ু বৃদ্বিতে ইতিবাচক অবদান রেখেছে।	
৬।	ডাক্তার এবং অন্যান্য মানুষের জন্য কর্মের সুযোগ সৃষ্টি করা।	অবকাঠামোগত উন্নয়নের ফলে ডাক্তার ও অন্যান্য মানুষের জন্য কর্মরে সুযোগ তৈরি হয়েছে।	

১৭. **প্রকল্প পরিদর্শন ও বাস্তবায়ন অবস্থা পর্যালোচনা:** প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম আইএমইডি'র পরিচালক মোঃ মাহবুবুর রহমান কর্তৃক ০৮.১২.২০২১ তারিখে সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্পটির সর্বশেষ প্রকল্প পরিচালক, গণপুর্ত অধিদপ্তর খুলনা এর নির্বাহী প্রকোশলীসহ সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সরেজমিনে পরিদর্শন, বিভিন্ন ডকুমেন্ট এবং সেকেন্ডারি ডাটা পর্যালোচনা, সংশ্লিষ্ট ষ্টোকহোল্ডারদের সাথে আলোচনায় প্রাপ্ত পর্যবেক্ষণসমূহ নিম্নরূপ:

১৭.১ প্রকল্পটির আওতায় হাসপাতালের পরিচালক এবং উপ-পরিচালকের জন্য ০২টি দৃস্টিনন্দন ডুপ্লেক্স বাংলো নির্মাণ করা হয়েছে। কনসালটেন্টদের জন্য ১৮০০ বর্গফুট আয়তনের এপার্টমেন্ট এবং অন্যান্য ডাক্তারদের জন্য ১৫০০ বর্গফুটের এপার্টমেন্ট নির্মাণ করা হয়েছে। নার্সদের জন্য বাসা নির্মাণ করা হয়েছে। ৩১/১২/২০১৯ তারিখে সকল আবাসিক ভবন হস্তান্তর করা হয়। পরিদর্শনকালে আবাসিক এলাকায় বসবাসরতদের (ব্যবহারকারীদের) পরিসংখ্যান নিম্নরূপ:

২৫০ শয্যা বিশিষ্ট শহীদ শেখ আবু নাসের বিশেষায়িত হাসপাতাল খুলনার আবাসিক ভবন এর বর্তমান হালনাগাদ তথ্য:

ক্রমিক নং	আবাসিক ভবন	নির্মিত ফ্ল্যাট সংখ্যা	ব্যবহৃত ফ্ল্যাট সংখ্যা	খালী ফ্ল্যাট
১.	পরিচালক বাসভবন	০১ (এক)	নাই	০১ (এক) খালী
২.	উপ-পরিচালক বাসভবন	০১ (এক)	নাই	০১ (এক)খালী
৩.	১৮০০ বর্গফুট ভবন	০৩ (তিন)	নাই	০৩ (তিন)খালী
৪.	১৫০০ বর্গফুট ভবন	০৩ (তিন)	নাই	০৩ (তিন)খালী
৫.	১২৫০ বর্গফুট ভবন	০৫ (পাঁচ)	০৫(পাঁচ)	নাই

ক্রমিক নং	আবাসিক ভবন	নির্মিত ফ্ল্যাট সংখ্যা	ব্যবহৃত ফ্ল্যাট সংখ্যা	খালী ফ্ল্যাট
৬.	১০০০ বর্গফুট ভবন	০৫ (পাঁচ)	০৪(চার)	০১ (এক) খালী
৭.	৮০০ বর্গফুট ভবন	০৫ (পাঁচ)	০৪(চার)	০১ (এক) খালী
৮.	৬০০ বর্গফুট ভবন	০৫ (পাঁচ)	নাই	০৫ (পাঁচ)খালী
৯.	ডক্টর্স ডরমেটরী	২৫(পঁচিশ)	০১ (এক)	২৪ (চব্বিশ)খালী
১০.	নার্সিং ডরমেটরী	২৪ (চব্বিশ)	০৬(ছয়)	১৮(আঠারো)খালী
১১.	এ্যাটেন্ডেন্ট ডরমেরী	০৩(তিন) ফ্লোর	নাই	০৩ (তিন)খালী
১২.	গ্যারেজ কাম-আনসার ব্যারাক	০৩ (তিন)	০৩ (তিন)	নাই
মোট		৮৩	২৩	৬০

সারণী থেকে স্পষ্ট অনুধাবন করা যায় যে, বেশির ভাগ ফ্ল্যাট/ইউনিট অব্যবহৃত থাকায় যে উদ্দেশ্যে আবাসিক ভবনগুলো নির্মাণ করা হয়েছে তা অর্জিত হয়নি। জিওবি আর্থায়নে এ প্রকল্পের আওতায় নির্মিত ভবনগুলো ব্যবহৃত না হওয়ায় পরিদর্শনকালে দেখা যায় বাসার অভ্যন্তরে ময়লা জমে আছে এবং এসিসহ অন্যান্য যন্ত্রপাতি অযত্নে নষ্ট হওয়ার উপক্রম হয়েছে। প্রকল্পের আওতায় সৃষ্ট আবাসিক ইউনিটসমূহের মধ্যে প্রায় তিন-চতুর্থাংশই (পরিচালক এবং উপ-পরিচালকের বাংলোসহ) ৩১.১২.২০১৯ তারিখ (হস্তান্তেরর তারিখ) হতে অব্যবহৃত থাকায় উদ্দেশ্য অর্জন মারাত্নকভাবে ব্যহত হচ্ছে।

১৭.২ প্রকল্পের আওতায় হাসপাতাল চত্বরের উন্মুক্ত এলাকায় রোগী বহনকারী হ্যালিকপ্টার উঠা-নামা করার জন্য একটি হ্যালিপ্যাড নির্মাণ করা হয়েছে যদিও পরিদর্শনকাল পর্যন্ত কোন রোগী বহনকারী হ্যালিকপ্টার এই হ্যালিপ্যাডে উঠা-নামা করেনি। অবশ্য সাধারণ যাত্রীবাহি হ্যালিকপ্টার এই হ্যালিপ্যাডে উঠা-নামা করেছে বলে হাসপাতাল কর্তৃপক্ষ জানায়।

১৭.৩ একটি "ডেড হাউজ" নির্মাণ করা হলেও হস্তান্তরের পর থেকে এখন পর্যন্ত কোন ডেডবডি এখানে পোষ্ট মর্টেম বা বেওয়ারিশ হিসেবে আনা হয়নি। পরিদর্শনকালে উপস্থিত হাসপাতাল কর্তৃপক্ষ জানান যে, এখানে ডেডবডি রাখার মূল্য নির্ধারিত না হওয়ায় ডেড হাউজটি ব্যবহার করা যাচ্ছে না। তাছাড়া দুর্ঘটনা বা পুলিশ কেসজনিত কোন রোগী থাকলে তা এই হাসপাতালে ভর্তি না করে খুলনা মেডিকেল কলেজ হাসপাতালে প্রেরণ করা হয় তাই "ডেড হাউজ"টি এখনো ব্যবহার করার প্রয়োজন হয়নি।


১৭.৪ প্রকল্পের আওতায় মূল হাসপাতাল ভবনের ৫ম তলায় ভার্টিকেল এক্সটেনসনের আওতায় ভিআইপি কেবিন নির্মিত হয়েছে, লিফ্ট সংযোজন করা হয়েছে, নীচ তলায় বৈদ্যুতিক সাব স্টেশন নির্মাণ করা হয়েছে। পরিদর্শকালে দেখা যায় এগুলো সচল রয়েছে এবং ব্যবহৃত হচ্ছে।

১৭.৫ সকল নির্মাণ কাজ গণপূর্ত অধিদপ্তর খুলনা কর্তৃক উন্মুক্ত দরপত্র পদ্ধতির মাধ্যমে সম্পন্ন হয়েছে। নির্মাণ কাজে ব্যবহৃত উপকরণসমূহ বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) এবং খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) হতে ল্যাবটেস্ট করা হয়েছে। পরিদর্শনকালে দৈবচয়নভিত্তিতে কয়েকটি ল্যাবটেস্ট রিপোর্ট দেখা হয়। ল্যাবটেস্ট রিপোর্ট অনুযায়ী ব্যবহৃত উপকরণ গ্রহণযোগ্য সীমার মধ্যে ছিল।

১৭.৬ এটেন্ডেন্স ডরমেটরি বিল্ডিং এবং গ্যারেজ কাম আনসার ব্যারাক বিল্ডিং দুটি সামনের রাস্তা থেকে নীচু হওয়ায় বিল্ডিং দুটির প্রবেশ পথে পানি জমে যায়। বসবাসকারীদের সাথে আলোচনায় জানা যায় বর্ষাকালে চলাচলে তাদের ভীষণ কষ্ট হয়।

১৭.৭ প্রকল্পটি সর্বশেষ পরিদর্শন করা হয় ১৯-২১ সেপ্টেম্বর ২০১৭ তারিখে। উক্ত পরিদর্শনের সুপারিশসমূহ বাস্তবায়ন করে আইএমইডি-কে অবহিত করার বিষয়টি উল্লেখ থাকলেও নথি দৃষ্টে প্রতীয়মান হয়। এ বিষয়ে আইএমইডি-কে অবহিত করা হয়নি, যা অনাকাংখিত।

১৮.০ **প্রকল্পের আওতায় বাস্তবায়নকৃত ভৌত কাজের স্থিরচিত্র:**



সুপারিশ:

১৯.১ প্রকল্পের আওতায় সৃষ্ট আবাসিক ইউনিটসমুহের মধ্যে প্রায় তিন-চতুথাংশই (পরিচালক) এবং উপ-পরিচালকের বাংলোসহ ৩১.১২.২০১৯ তারিখ (হস্তান্তরের তারিখ) হতে অব্যবহৃত থাকায় উদ্দেশ্য অর্জন মারাত্মকভাবে ব্যহত হচ্ছে। পাশাপাশি যন্ত্রপাতি ও অন্যান্য সামগ্রী অযত্নে নষ্ট হওয়ার উপক্রম হচ্ছে। বিষয়টি উদ্যেগী মন্ত্রণালয় কর্তৃক যথাযথ তদন্তকরতঃ জড়িতদের বিরুদ্বে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করে ৩১.০১.২০২২ তারিখির মধ্যে আইএমইডি-কে অবহিত করতে হবে:

১৯.২ প্রকল্পটির ডিপিপিতে বণিত উদ্দেশ্যসমুহ সুর্নিদিষ্ট নয় এবং কার্যক্রমের সাথে সামঞ্জস্যপূর্ণ নয়। ভবিষ্যতে এ সমজাতীয় প্রকল্প দলিল প্রণয়নের ক্ষেত্রে উদ্দেশ্য নির্ধারণে আর ও যত্নবান হতে হবে এবং ডিপিপি প্রণয়ন সংক্রান্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করতে হবে:

১৯.৩ এটেন্ডন্স ডরমেটরি বিল্ডিং এবং গ্যারেজ কাম আনসার ব্যারাক বিল্ডিং দুটি সামনের রাস্তা থেকে নীচু হওয়ায় বিল্ডিং দুটির প্রবেশ পথে পানি জমে যায়। এ সমস্যা নিরসনে গণপুর্ত অধিদপ্তর কর্তৃক দ্রুত কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে:

১৯.৪ প্রকল্পটির সিভিল অডিট এখনও হয়নি, সিভিল অডিট সম্পাদনের জন্য গণপূর্ত অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী খুলনা এবং শহীদ শেখ আবু নাসের হাসপাতাল কর্তৃপক্ষকে দ্রুত উদ্যেগ গ্রহণ করতে হবে;

১৯.৫ আইএমইডি র্কতৃক প্রকল্পটির সর্বশেষ পরিদর্শন (১৯-২১ সেপ্টেম্বর ২০১৭ তারিখে) প্রতিবেদনের বাস্তবায়ন প্রতিবাদন তথ্যসহ উক্ত মূল্যায়ন প্রতিবেদনে বর্ণিত সুপারিশসমুহ বাস্তবায়ন করে আগামী ৩১.০১.২০২২ তারিখের মাধ্য আইএমইডি-কে অবহিত করতে হবে ।